গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২(৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নংঃ প্রা-(স)-৪১/মাঃ সঃ/কঅ-৩(চট্টঃ)/২০২৫-২০২৬/

তারিখঃ ১০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয় ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের সেপ্টেম্বর/২০২৫ মাস পর্যন্ত সময়ের আয়কর বিভাগের রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভা প্রসঙ্গে।**

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এ কর অঞ্চলের ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল বাস্তবায়ন অগ্রগতি এবং সেপ্টেম্বর/২০২৫ মাস পর্যন্ত রাজস্ব আহরণ পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে এ কর অঞ্চলের সকল অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনার এবং কর পরিদর্শকগণের সমন্বয়ে আগামী ২৯/১০/২০২৫ খ্রি. তারিখ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ **"সম্প্রীতি"** তে সম্মানিত **কর কমিশনার জনাব মোঃ মঞ্জুর আলম** মহোদয়ের সভাপতিত্বে মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হবে।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত বিষয়সমূহে তাঁদের নিজ নিজ দপ্তরের অগ্রগতির প্রতিবেদনসহ উক্ত রাজস্ব সভায় অংশগ্রহণ এবং অগ্রগতির প্রতিবেদন ২৮/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অত্র কর অঞ্চলের উপকর কমিশনার (সদর দপ্তর টেকনিক্যাল) এর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

<u>৩০ সেপ্টেম্বর, ২০২৫ পর্যন্ত</u>

ক) সেপ্টেম্বর/২০২৫ পর্যন্ত লক্ষমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ;
খ) সেপ্টেম্বর/২০২৫ মাসের টিআইএন এবং নথির পরিসংখ্যান সংক্রান্ত তথ্য;
গ) ২০২৪-২০২৫ কর বছরের নন-ফাইলার করদাতা সংক্রান্ত তথ্য;
ঘ) সেপ্টেম্বর/২০২৫ মাসের ২০২৪-২০২৫ কর বছরের নন-ফাইলার করদাতা সংক্রান্ত সম্পাদিত কাজের পরিসংখ্যান সংক্রান্ত কার্যক্রম;
ঙ) ২০২৫-২০২৬ অর্থ বছরের সেপ্টেম্বর/২০২৫ সালে ১৪৭ ধারার কার্যক্রম সংক্রান্ত তথ্য;
চ) মোট বকেয়া করের তথ্য;
ছ) রিটার্ন প্রসেস সংক্রান্ত তথ্য;
জ) বিবিধ।

স্বাক্ষরিত
(মোঃ নাদিম হোসেন)
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
☏: ০২৩৩৩৩২৮৩২৬

নথি নংঃ প্রা-(স)-৪১/মাঃ সঃ/কঅ-৩(চট্টঃ)/২০২৫-২০২৬/ ১০৭৩(১-২৮)

তারিখঃ ১০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি (কার্যার্থে) ঃ

১. পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
২. উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল.................................., কর অঞ্চল-৩, চট্টগ্রাম
৩. সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৪. উচ্চমান সহকারী, নেজারত শাখা, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
৫. অফিস কপি।

Nadia ২৬/১০/২০২৫

(মোঃ নাদিম হোসেন)
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
☏: ০২৩৩৩৩২৮৩২৬